# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

**স্বাধীনতা ভবন**

**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**

**প্রশাসন বিভাগ**

(www.bffwt.gov.bd)

**বিষয়ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা প্রদান বিষয়ে (সিটিজেন চার্টার) স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অনুষ্ঠিত সভার কাযবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০৯/১১/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ট্রাস্টের কর্মকর্তা, কর্মচারী ও অংশীজনদেরকে (Stakeholders) স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি ও কর্মকর্তা কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য ও সেবা প্রদানের সময়সীমা সম্পর্কে অংশীজনদেরকে (Stakeholders) অবহিত করেন। তিনি জানান বীর মুক্তিযোদ্ধাদের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজ করার জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের অনলাইনে ডাটাবেইজ ফরম পূরণ প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। এছাড়াও সেবা প্রত্যাশিদের দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে ভাতা প্রাপ্তির আবেদন করার জন্য সফটওয়্যারও প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সেবা প্রত্যাশিগণ ঘরে বসেই আবেদন করতে পারছেন। দূরদুরান্ত থেকে অর্থ ব্যয় করে আর ট্রাস্টে আসতে হচ্ছে না। অত:পর সভাপতি পরিচালক (প্রশাসন)-কে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানান।

০২। পরিচালক (প্রশাসন) বলেন, বীর মুক্তিযোদ্ধাদের সেবা দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য একটি ডাটাবেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার (TMIS) প্রস্তুত করা হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে সেবা গ্রহীতাগণ তাদের স্ব-স্ব ডাটা আপলোড করেছেন। ইতোমধ্যে প্রায় ১৬ (ষোল হাজার) সেবা গ্রহীতার (নমিনীসহ) ডাটা এন্ট্রি আপলোড করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনায় সেবা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করার জন্য একটি হটলাইন সেবা (১৬১৭১) চালু আছে। সেবাটি চালু থাকায় অতি সহজে সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই যে কোনো সেবার প্রাপ্তির বিষয়টি নিশ্চিতসহ বিভিন্ন অভিযোগ করতে পারছেন।

০৩। অংশীজনদের পক্ষে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবদুল লতিফ বলেন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা প্রদান কার্যক্রমে বীর মুক্তিযোদ্ধাগণ সন্তুষ্ট। বর্তমানে ট্রাস্টের কোনো কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে সেবা চেয়ে বিমুখ হয়নি। চিকিৎসা সেবা ও পুনর্বাসন কার্যক্রম সুন্দরভাবে আমাদের চাহিদা মোতাবেক পরিচালিত হচ্ছে। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর সেনানী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণ অনেকেই বয়োবৃদ্ধ। গ্রাম-গঞ্জ থেকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা, চিকিৎসা বিল, রেশন ইত্যাদির জন্য ঢাকায় যোগাযোগ করা তাদের জন্য খুবই কষ্টসাধ্য ব্যাপার ছিল। তাঁদের প্রাপ্য সেবাসমূহ দোরগোড়ায় পৌঁছে দেয়ায় তিনি ট্রাস্ট কর্তৃপক্ষকে সকল ভাতাভোগীদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চলমান পাতা-০২

০৫। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

(০১) সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, পদবি, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সে মোতাবেক সেবা প্রদান করতে হবে;

(০২) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে;

(০৩) যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ পরিবারের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজে তাঁদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার বিষয়ে চেষ্টা অব্যাহত রাখতে হবে; এবং

(০৪) প্রস্তুতকৃত সফটওয়্যারে সেবা গ্রহীতাদের স্ব-স্ব ডাটা দ্রুত এন্ট্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৮১৮১৩
md@bffwt.gov.bd

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪১.০০২.২২। ৭৬২৫ তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০ ব: / ২৩ নভেম্বর ২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(০১) অতিরিক্ত পরিচালক (কল্যাণ ও গবেষণা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০২) অতিরিক্ত পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০৩) যুগ্মপরিচালক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৪) সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৫) সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৬) সহকারী প্রোগ্রার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করবেন)
(০৭) জনাব ......................................................................................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। উপসচিব (সনদ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সিটিজেন চার্টার), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক, বাণিজ্য ও উন্নয়ন/অর্থ/কল্যাণ ও গবেষণা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), ফোকাল পয়েন্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্মপরিচালক (প্রশাসন)

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
(www.bffwt.gov.bd)

বিষয় : সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভা।
সভাপতি : এস এম মাহাবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
সভার তারিখ ও সময় : ০৯ নভেম্বর ২০২৩ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
সভার উপস্থিতি :

| ক্র:নং | নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | [illegible] | [signature] |
| ২ | মিঃ আব্দুল মতিন | [signature] |
| ৩ | এম. এ. [illegible] | [signature] ০৯/১১/২৩ |
| ৪ | [illegible] | [signature] ০৯/১১/২৩ |
| ৫ | মো: ~~[illegible]~~ [illegible] আলম | [signature] |
| ৬ | মোঃ খোরশেদ আলম, উপ [illegible] | [signature] ০৯/১১/২৩ |
| ৭ | মোঃ আছির উদ্দীন সরকার, পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) | [signature] ৯/১১/২০২৩ |
| ৮ | তরফদার মো: [illegible], পরিচালক (প্রশাসন) বামুকট্র | [signature] ৯/১১/২৩ |
| ৯ | মোঃ [illegible], যুগ্ম পরিচালক (প্রশা) | [signature] ৯/১১/২৩ |
| ১০ | মো: [illegible] ইসলাম | [signature] |
| ১১ | [illegible] | [signature] |
| ১২ | মো: [illegible] | [signature] 01550167017 |
| ১৩ | | |